গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় ঃ **নৌপরিবহন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২০ প্রণয়ন ও প্রকাশনা সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ১৯-০৫-২০২১ |
| সময় | ঃ | বেলা ০৩.০০ টা। |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত ও ভার্চুয়ালি সংযুক্ত হয়ে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার সূচনায় সভাপতি নৌপরিবহন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২০ প্রণয়ন ও প্রকাশনা উদ্যোগ-কে স্বাগত জানিয়ে বলেন, তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রকাশ করা প্রতিটি সরকারি অফিসের কার্যক্রমের অংশ। তেমনিভাবে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন প্রতিষ্ঠায় তথ্য প্রকাশ অতীব গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশের মাধ্যমে এ সকল বিষয় নিশ্চিত করা যায়। তিনি যুগ্মসচিব (প্রশাসন)-কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন। যুগ্মসচিব (প্রশাসন) বার্ষিক প্রতিবেদন ২০২০ প্রণয়ন ও প্রকাশনা সংক্রান্ত কার্যপত্র উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যপত্রের উপর দপ্তর/সংস্থার প্রধানগণ ও উপস্থিত কর্মকর্তাগণ নৌপরিবহন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২০ প্রণয়ন ও প্রকাশনার বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন।

০২। এ মন্ত্রণালয় হতে ২০১৮-১৯ মেয়াদে গৃহীত কার্যক্রম/সাফল্য-অর্জনের উপরে ভিত্তি করে, বার্ষিক প্রতিবেদন ২০১৮ প্রকাশ করা হয়েছে। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম, প্রস্তাবিত বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ এর পরিবর্তে বার্ষিক প্রতিবেদন ২০২১ শিরোনামের প্রস্তাব করেন। মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান বলেন, কোভিড-২০১৯ মোকাবেলা ও গৃহীত কার্যক্রম বিষয়ে প্রতিবেদনে একটি পৃথক পরিচ্ছদ রাখা যেতে পারে। যুগ্মসচিব (পরিকল্পনা) জনাব রফিক আহম্মদ সিদ্দিক বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে প্রতিটি দপ্তর/সংস্থা থেকে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিযুক্ত করার জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বলেন যে বার্ষিক প্রতিবেদনের প্রতিটি ছবির গ্রাফিকস ও ডিজাইন উন্নতমানের হতে হবে। সম্প্রতি পায়রা বন্দরের ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্থদের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পাকাগৃহ হস্তান্তর করা সংক্রান্ত বিষয়াদি প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার জন্য চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ অনুরোধ জানান। বিআইডব্লিউটিএ, বাস্থবক এর চেয়ারম্যান ও অন্যান্য কর্মকর্তাগণ সভায় জানান যে, বার্ষিক প্রতিবেদনে চলমান প্রকল্পসমূহের অগ্রগতি/অর্জন-সাফল্য ও গুরুত্বপূর্ণ ছবি অন্তর্ভুক্ত করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**০৩। কমিটি গঠন:**

বার্ষিক প্রতিবেদন ২০২০ প্রণয়ন কমিটি:

| | | |
|---|---|---|
| ১। বেগম লায়লা জেসমিন, অতিরিক্ত সচিব (প্রশাসন) | - | আহব্বায়ক |
| ২। জনাব সুলতান আব্দুল হামিদ, অতিরিক্ত সচিব (উন্নয়ন) | - | সদস্য |
| ৩। জনাব সঞ্জয় কুমার বণিক, অতিরিক্ত সচিব (সংস্থা-২) | - | সদস্য |
| ৪। ড.আ.ন.ম বজলুর রশীদ, যুগ্মসচিব (প্রশাসন) | - | সদস্য |
| ৫। জনাব রফিক আহম্মদ সিদ্দিক, যুগ্মপ্রধান (পরিকল্পনা) | - | সদস্য |
| ৬। জনাব মো: আলমগীর কবীর, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) | - | সদস্য সচিব |

**০৪। কার্যপরিধি :**

(ক) কমিটি নৌপরিবহন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১, প্রণয়ন ও প্রকাশনা করার লক্ষ্যে সার্বিক কার্যক্রম সম্পন্ন করবে যা বার্ষিক প্রতিবেদন ২০২০ শিরোনামে প্রকাশিত হবে।

(খ) কমিটি তথ্য সংগ্রহের জন্য প্রয়োজনীয় ফরম প্রণয়ন করবে।

(গ) আগামী আগস্ট, ২০২১ এর মধ্যে প্রকাশনার কাজ সমাপ্ত করতে হবে।

(ঘ) কমিটি প্রয়োজনে অন্যান্য সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) কমিটি প্রকাশনা সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রয়োজনে একাধিক উপ-কমিটি গঠন করে দায়িত্ব বন্টন করতে পারবে।

০৫। সকল দপ্তর সংস্থা ছক অনুযায়ী তথ্য প্রস্তুত করে নির্ধারিত সময়ের মধ্যে কমিটির নিকট প্রেরণ করবে।

০৬। প্রতিটি দপ্তর/সংস্থা থেকে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিযুক্ত করে মন্ত্রণালয়/কমিটি-কে অবহিত করবে।

০৭। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

স্বাঃ
তারিখ: ২৭-০৫-২০২১
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নং-১৮.০০.০০০০.০১৬.৩৫.০০১.১৯-১৯৭(ক)

তারিখঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গা: / ০৮ জুন, ২০২১খ্রি:

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ</u>

১। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।

৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৭। উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৯। সিনিয়র সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১১। সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১২। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১৫। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। সহকারী সচিব (শিশু শাখা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

29/03/2021

মোঃ আলমগীর কবির
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন ঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd